গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২৪-২৮২

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩০ / ১০ মার্চ ২০২৪

**বিষয়ঃ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রস্তুতের নিমিত্ত তথ্যাদি প্রেরণ।**

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭-৪৬ তারিখঃ ০৬-০৩-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.২ এর আলোকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা তৈরির লক্ষ্যে কারা অধিদপ্তরের স্বল্প মেয়াদি, মধ্য মেয়াদি ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ নির্ধারিত ছকে তথ্য ০২ পাতা।

১০/৩/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। উপসচিব (আইসিটি সেল)
সুরক্ষা সেবা বিভাগ।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।

# কারা অধিদপ্তর, ঢাকা

www.prison.gov.bd

**বিষয়ঃ** কারা অধিদপ্তরের ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্ম সম্পাদন সূচক ৬.১.২ [স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত]

| স্মার্ট উদ্যোগ/কার্যক্রমের শিরোনাম | স্মার্ট উদ্যোগ/কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | স্বল্প মেয়াদি কার্যক্রম এপ্রিল ২০২৪ হতে ডিসেম্বর ২০২৫ | মধ্য মেয়াদি কার্যক্রম জানুয়ারি ২০২৬ হতে ডিসেম্বর ২০৩০ | দীর্ঘ মেয়াদি কার্যক্রম জানুয়ারি ২০৩১ হতে ডিসেম্বর ২০৪১ |
|---|---|---|---|---|
| বন্দি পুনর্বাসন ও কল্যাণের লক্ষ্যে ই-কমার্স সিস্টেম চালু করণ। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে কারা পণ্যের বিক্রয়লব্ধ অর্থের লভ্যাংশের ৫০% পারিশ্রমিক হিসেবে সাজাপ্রাপ্ত বন্দিদের প্রদান করা হয়। কারাগারে উৎপাদিত বিক্রয়যোগ্য পণ্যের ব্যাপক প্রচার ও বন্দি কল্যাণের লক্ষ্যে ই-কমার্স সিস্টেমে bdprisonproducts.com ওয়েবসাইটে কার্যক্রম সম্প্রসারণ করা। | বন্দি উৎপাদিত পণ্য নিয়ে ১২ (বার)টি কারাগারের পাইলটিং করা হয়। ডিসেম্বর ২০২৫ এর মধ্যে আরো ২৪(চব্বিশ)টি কারাগারের পণ্য এই সেবার আওতাধীন করা হবে। অবশিষ্ট সকল কারাগারকে উৎপাদনমুখী করা। | দেশের সকল কারাগারের পণ্য ই-কমার্স সেবার আওতাধীন করা। এই সিস্টেমটির মোবাইল অ্যাপ প্রস্তুত করা এবং ব্যাপক প্রচারণার মাধ্যমে বন্দি কল্যাণ ও পুনর্বাসনে জনগণকে সম্পৃক্ত ও উদ্বুদ্ধ করা। | কারা পণ্যের বিক্রয়লব্ধ অর্থ সরাসরি বন্দির অ্যাকাউন্টে প্রাদানের লক্ষে ই-কমার্স সিস্টেমের সাথে বন্দিদের একাউন্ট নম্বর সরাসরি যুক্ত করা। বন্দিদেরও কর্মে উৎসাহ প্রদানের লক্ষ্যে উৎপাদিত পণ্য হতে তাদের লভ্যাংশের পরিমান ৫০% হতে উন্নীত করে ৭০% করা হবে। |
| প্রিজন্স অ্যাপস (BD Prisoner Location) | BD Prisoner Location অ্যাপের এসএমএস দিয়ে বন্দির স্বজনকে অবস্থান জানানোর কার্যক্রম স্মার্ট করা। | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জের বন্দিদের ডাটাবেজ সংগ্রহ করে সেবা প্রদান চলছে। ডিসেম্বর ২০২৫ এর মধ্যে সকল কেন্দ্রীয় কারাগারের বন্দিদের ডাটাবেজ সংগ্রহ করে এই সেবার আওতাধীন করা। | ডিসেম্বর ২০৩০ এর মধ্যে সকল কারাগারের বন্দিদের ডাটাবেজ সংগ্রহ করে এই সেবার আওতাধীন করা হবে। বন্দির অবস্থানের পাশাপাশি বন্দির বিজ্ঞ আদালতে হজিরার তারিখও এসএমএসে জানানো। ডাটাবেজকে হালনাগাদ রাখার জন্য PIDS-এর নির্দিষ্ট কিছু ফিল্ডের API শেয়ারিং করা । | টিসিভি হ্রাসকরণের লক্ষ্যে বন্দির বাহির হাসপাতালে অবস্থানের তথ্য, সাক্ষাতের পরবর্তী তারিখ অটোমেটিকভাবে নির্ধারণ করতঃ স্বজনদের নিকট এসএমএসে জানানো। |
| PRISON INMATE DATBASE SYSTEM-এ বন্দি ডাটাবেজ সংরক্ষণ | বন্দির তথ্য উপাত্ত প্রিজন্স ইনমেট ডাটাবেজ সিস্টেমে (PIDS) PRISON INMATE DATABASE SYSTEM এর মাধ্যমে সংরক্ষণ। বন্দীদের ডাটাবেজ সংরক্ষণের কাজ নিয়মিত হালনাগাদ করা । | কারাগারে আগত সকল বন্দির তথ্য PIDS এন্ট্রি ও ভেরিফিকেশন প্রক্রিয়া সম্পন্ন হতে প্রায় ১৫-২৫ মিনিট সময় লাগে। এই সময়টি অর্ধেকে নামিয়ে আনা। | PIDS-এ বন্দির রেয়াত, অভিযোগ ও মেডিকেল সেবা গ্রহণ করার তথ্য সংযোজন ও সময়ে সময়ে নিয়মিত আপডেট করা। | ডিসেম্বর ২০৪১ সালের মধ্যে PIDS কাজে লাগিয়ে AI ব্যবহারের মাধ্যমে কারাগারে বন্দি ম্যানেজমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করা হবে। যেমন ১৮-২১/২১-৩০/৬০-৮০/প্রকৃতি অনুযায়ী বন্দি কোন ওয়ার্ডগুলোতে থাকবে, ৩ মাস পর পর ডিউ দেখাবে, কোন বন্দি কোন ওয়ার্ডে অবস্থান করছেন সেটাও দেখানো হবে। |

| স্মার্ট উদ্যোগ/কার্যক্রমের শিরোনাম | স্মার্ট উদ্যোগ/কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | স্বল্প মেয়াদি কার্যক্রম এপ্রিল ২০২৪ হতে ডিসেম্বর ২০২৫ | মধ্য মেয়াদি কার্যক্রম জানুয়ারি ২০২৬ হতে ডিসেম্বর ২০৩০ | দীর্ঘ মেয়াদি কার্যক্রম জানুয়ারি ২০৩১ হতে ডিসেম্বর ২০৪১ |
|---|---|---|---|---|
| বিজ্ঞ আদালতের সাথে বন্দির ভিডিও কনফারেন্স | কোর্টে বন্দি আনা নেওয়ার নিরাপত্তা বিবেচনায় ও মামলার জট নিরসনে বিজ্ঞ আদালতের সাথে বন্দির ভিডিও কনফারেন্স এর ব্যবস্থা। এটুআই কর্তৃক নেটওয়ার্কিং কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এবং হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে গণপূর্ত কর্তৃক প্রস্তুতকৃত ২টি কক্ষে ভিডিও ও অডিও কনফরেন্সিং এর যাবতীয় কার্যক্রম গ্রহণ করা। | ডিসেম্বর ২০৩০ এর মধ্যে কেন্দ্রীয় কারাগারসমূহে গণপূর্ত কর্তৃক ১টি কক্ষ প্রস্তুত করে ভিডিও ও অডিও কনফরেন্সিং এর যাবতীয় কার্যক্রম গ্রহণ করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বন্দির সাক্ষ্য গ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করা । | ডিসেম্বর ২০৪১ সালের মধ্যে সকল কারাগারে গণপূর্ত কর্তৃক ১টি কক্ষ প্রস্তুত করে ভিডিও ও অডিও কনফরেন্সিং এর যাবতীয় কার্যক্রম গ্রহণ করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বন্দির সাক্ষ্য গ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করা। |
| কারা নিরাপত্তায় সিসিটিভি ব্যবস্থার সেন্ট্রাল মনিটরিং ব্যবস্থাপনা। | কারা নিরাপত্তা ব্যবস্থাপনা আধুনিকায়নে কারাগার সংশ্লিষ্ট সকল কার্যালয়ে সিসিটিভি ব্যবস্থার সংযোজন এবং সেন্ট্রাল মনিটরিং ব্যবস্থাপনার আওতাভুক্তকরণ। | কারা নিরাপত্তায় সকল কারাগারে সিসিটিভি ব্যবস্থার সংযোজন করা। বর্তমানে ৪২টি কারাগারকে সেন্ট্রাল মনিটিরিং সিস্টেমের আওতাভুক্ত করা হয়েছে। ডিসেম্বর ২০২৫ সালের মধ্যে অবশিষ্ট সকল কারাগারকে সেন্ট্রাল মনিটরিং সিস্টেমের আওতাভুক্ত করা । | সেন্ট্রাল মনিটরিং সিস্টেমের ব্যাকআপ স্টোরেজ ১৫দিন থেকে বাড়িয়ে ৩০ দিন করা। কারাগারের সকল গুরুত্বপূর্ণ ও ঝুকিপূর্ণ জায়গায় সিসি ক্যামেরা স্থাপন নিশ্চিত করা । | সিসি ক্যামেরার সাথে AI সংযোজন করা। ফলে বন্দির গতিবিধি এবং নিরাপত্তা ব্যবস্থার উপর নজরদারি করা যাবে। ফলে অনাকাঙ্খিত দুর্ঘটনা থেকে অনেকাংশে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করা যাবে। সেন্ট্রাল মনিটরিং সিস্টেমের ব্যাকআপ স্টোরেজ ৩০দিন থেকে বাড়িয়ে ৫০ দিন করা। সকল কারাগারের মধ্যে আইপি ওয়াকিটকির মাধ্যমে যেকোন ইনসিডেন্স প্রতিরোধে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা। |
| ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট | ঠিকাদারগণের মাধ্যমে প্রাপ্ত বন্দিদের খাদ্যদ্রব্যসমূহ এবং বিভিন্ন নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি গ্রহণ করে সিস্টেমে আপলোড করা, প্রমাণক হিসেবে চালান আপলোড করা। যেকোন সময় যেকোন জায়গা থেকে দেখা। দৈনন্দিন/ সাপ্তাহিক/ মাসিক/ ষান্মাষিক/ বাৎসরিক রিপোর্ট অটোমেটিক জেনারেট করা। | ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ারের বন্দি ও স্টাফের পোষাকাদি, রেশন ও মেডিকেল ইকুইপমেন্ট আওতাভুক্ত করা। | ডিসেম্বর ২০৩০ এর মধ্যে এই সিস্টেমের সাথে সকল প্রকার মেডিসিন ও অস্ত্র গোলাবারুদ যোগ করা। স্টাফ ডাটাবেজের API শেয়ারিং এর মাধ্যমে ইনডিভিজুয়ালি স্টাফদের রেশন, পোষাকাদি ও প্রাধিকারভুক্ত অন্যান্য সামগ্রী বন্টন করা এবং প্রাপ্তী স্বীকার তার প্রোফাইলে দৃশ্যমান করা। এই সিস্টেমের সাথে AI সংযোজন করার ফলে অটোমিটিকভাবে স্টাফদের চাহিদা নিরুপন করা। | বন্দি ডাটাবেজের API শেয়ারিং এর মাধ্যমে ইনডিভিজুয়ালি বন্দিদের রেশন, পোষাকাদি ও প্রাধিকারভুক্ত অন্যান্য সামগ্রী বন্টন করা এবং প্রাপ্তী স্বীকার তার প্রেরাফাইলে দৃশ্যমান করা। এই সিস্টেমের সাথে AI সংযোজন করার ফলে বন্দিদের চাহিদা এবং ক্রয়কৃত দ্রব্যের নির্ভুল চাহিদা অটোমিটিকভাবে চাহিদা তৈরী করা । |